

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ
স্থানীয় সরকার শাখা
www.chapainawabganj.gov.bd



স্মারক নম্বর: ৪৬.৪৩.৭০০০.০১১.৯৯.১০০.২০.১৭৮

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৬

১১ মার্চ ২০২০

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী পালন উপলক্ষ্যে জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদের জন্য পোস্টার মুদ্রণ, সরবরাহ ও বিতরণ প্রসঙ্গে

সূত্র: (ক) স্থানীয় সরকার বিভাগ উপজেলা-২ শাখা, ঢাকা ০৩.০৩.২০২০ তারিখের ৪৬.০০.

০০০০.০৪৫.০২২.১০.৫৪.০৫৪.১৯.১৫০ সংখ্যক স্মারক

(খ) স্থানীয় সরকার বিভাগ উপজেলা-২ শাখা, ঢাকা ০৩.০৩.২০২০ তারিখের ৪৬.০০.

০০০০.০৪৫.০২২.১০.৫৪.০৫৪.১৯.১৫০ সংখ্যক স্মারক

(গ) স্থানীয় সরকার বিভাগ পৌর-২ শাখা, ঢাকা ০৩.০৩.২০২০ তারিখের ৪৬.০০. ০০০০.

০৬৪. ৩২. ২০৮.২০.২৬৬ সংখ্যক স্মারক

(ঘ) স্থানীয় সরকার বিভাগ ইউপি-১ শাখা, ঢাকা ১১.০৩.২০২০ তারিখের

৪৬.০০.০০০০.০১৭.৯৯.০৩৯.১৯-২৮২ সংখ্যক স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী পালন উপলক্ষ্যে বছরব্যাপী প্রচারের নিমিত্ত জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদসমূহ তাদের নিজস্ব অর্থায়নে বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরী (বিএমটিএফ) হতে সরাসরি ক্রয় পদ্ধতিতে নির্ধারিত ডিজাইনের পোস্টার সংগ্রহের বিষয়ে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের ডিজিটাল স্ক্রীন স্থাপন ও পোস্টার প্রকাশ সংক্রান্ত কমিটির গত ১৮.০২.২০২০ তারিখের সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। প্রতিটি পোস্টারের নির্ধারিত মূল্য ১৫.০০ টাকা এবং জেলা পরিষদের জন্য ৫৬৫৫ টি, প্রতি উপজেলা পরিষদের জন্য ২০০০টি, প্রতিটি ক শ্রেণির পৌরসভার জন্য ৫০০টি, খ শ্রেণির পৌরসভার জন্য ৩০০ টি এবং প্রতিটি ইউনিয়ন পরিষদের জন্য ১০০০ টি করে পোস্টার সংগ্রহ করতে হবে। জেলা প্রশাসকের প্রতিনিধি হিসেবে উপপরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি) সংশ্লিষ্ট জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা এবং ইউনিয়ন পরিষদের মোট বরাদ্দের ভিত্তিতে মূল্য পরিশোধ সাপেক্ষে বিএমটিএফ হতে পোস্টার গ্রহণ এবং জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও পৌরসভায় সরবরাহ কাজের প্রধান সমন্বয়কের দায়িত্ব পালন করবেন। প্রত্যেক উপজেলা নির্বাহী অফিসার তাঁর উপজেলার আওতাধীন প্রত্যেক ইউনিয়ন পরিষদ হতে পোস্টারের মূল্যবাবদ অর্থ সংগ্রহ করে উপপরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি) এর নিকট প্রদানপূর্বক পোস্টার গ্রহণ এবং ইউনিয়ন পরিষদে বিতরণের ব্যবস্থা গ্রহণ করবেন।


এছাড়া, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা স্ব স্ব অর্থায়নে ডিজিটাল স্ক্রীন স্থাপন করে এবং প্রত্যেকটি ইউনিয়ন পরিষদ স্ব স্ব ডিজিটাল সেন্টারের মাধ্যমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী পালন উপলক্ষ্যে ১৭ মার্চ ২০২০ এর মূল অনুষ্ঠানসহ বছরব্যাপী অনুষ্ঠান প্রচার করবেন।

এমতাবস্থায়, বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরী (বিএমটিএফ), ঢাকা হতে পোস্টার ক্রয়ের নিমিত্তে নিম্নবর্ণিতভাবে অর্থ আগামী ১৪.০৩.২০২০ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ক্র:নং	প্রতিষ্ঠানের নাম	পোস্টারের পরিমাণ	টাকার পরিমাণ
--------	------------------	------------------	--------------

০১	প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ	৫৬৫৫টি	৫৬৫৫x১৫= ৮৪,৮২৫/-
০২	উপজেলা নির্বাহী অফিসার, ভোলাহাট	২০০০টি	২০০০x১৫= ৩০,০০০/-
০৩	উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর	২০০০টি	২০০০x১৫= ৩০,০০০/-
০৪	উপজেলা নির্বাহী অফিসার, গোমস্তাপুর	২০০০টি	২০০০x১৫= ৩০,০০০/-
০৫	উপজেলা নির্বাহী অফিসার, নাচোল	২০০০টি	২০০০x১৫= ৩০,০০০/-
০৬	উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ	২০০০টি	২০০০x১৫= ৩০,০০০/-
০৭	মেয়র, চাঁপাইনবাবগঞ্জ পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ	৫০০টি	৫০০x১৫= ৭,৫০০/-
০৮	মেয়র, শিবগঞ্জ পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ	৫০০টি	৫০০x১৫= ৭,৫০০/-
০৯	মেয়র, রহনপুর পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ	৫০০টি	৫০০x১৫= ৭,৫০০/-
১০	মেয়র, নাচোল পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ	৩০০টি	৩০০x১৫= ৪,৫০০/-
১১	চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), চাঁপাইনবাবগঞ্জ	(৪৫x১০০০)টি	৪৫০০০x১৫= ৬,৭৫,০০০/-

বিষয়টি অতীব জরুরী



১১-৩-২০২০

এ.কে.এম. তাজকির-উজ-জামান
উপ পরিচালক

বিতরণ :


- ১) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,
চাঁপাইনবাবগঞ্জ
- ২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), চাঁপাইনবাবগঞ্জ
- ৩) মেয়র, পৌরসভা (সকল), চাঁপাইনবাবগঞ্জ
- ৪) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল),
চাঁপাইনবাবগঞ্জ

স্মারক নম্বর: ৪৬.৪৩.৭০০০.০১১.৯৯.১০০.২০.১৭৮/১

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৬
১১ মার্চ ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সাঁট লিপিকার কাম কম্পিউটার অপারেটর, গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়,
চাঁপাইনবাবগঞ্জ



১১-৩-২০২০

এ.কে.এম. তাজকির-উজ-জামান
উপ পরিচালক